

কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট খাদ্য অধিদপ্তর, ঢাকা	
জরুরি নং	তারিখ
প্রোগ্রামার	
সহঃ প্রোগ্রামার -	১/২/৩
প্রকল্প পরিচালক -১	
উপ প্রকল্প পরিচালক -১/২	
খাদ্য পরিদর্শক	

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ
ছাঁটাই শাখা, খাদ্য ভবন
১৬, আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নং-১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.২৪.

তারিখ- ১০/২/২০২৬ খ্রি.

বিষয়ঃ অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে পাওনা আদায় ও মামলার নিষ্পত্তি।

সূত্র: সংগ্রহ বিভাগের স্মারক নং ১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.১১.৩ তারিখ: ০৯/০২/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সূত্রস্থ স্মারকে জেলার বিভিন্ন আদালতে চলমান অনাদায়ী চালকল মালিকদের নিকট থেকে পাওনা আদায় সংক্রান্ত মামলাসমূহ তদারকিসহ দ্রুত নিষ্পত্তির জন্য পত্র প্রেরণ করা হয়। মাঠ পর্যায় থেকে প্রাপ্ত চালকল মালিকের নিকট থেকে পাওনা আদায় সংক্রান্ত প্রতিবেদন পর্যালোচনান্তে দেখা যায় অনাদায়ী চালকলের নিকট থেকে পাওনা আদায় বা অনাদায়ী মামলাসমূহ নিষ্পত্তির কোনো অগ্রগতি নেই। মামলা তদারকিতে শৈথিল্য প্রদর্শন করলে সংশ্লিষ্ট মামলা তদারকি কর্মকর্তা, জেলা খাদ্য নিয়ন্ত্রক ও বিভাগীয় প্রধান হিসাবে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রককে জবাবদিহি করতে হবে মর্মে সূত্রস্থ স্মারকে নির্দেশনা প্রদান করা হয়।

এমতাবস্থায়, অনাদায়ী চালকলের নিকট থেকে পাওনা টাকা আদায়ে কার্যকরী উদ্যোগ গ্রহণ এবং চলমান মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য অনুরোধ করা হলো। অন্যথায়, সূত্রস্থ স্মারকে জারিকৃত পত্র মোতাবেক জবাবদিহিসহ অন্যান্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

উল্লেখ্য, অনাদায়ী চালকলের নিকট থেকে পাওনা আদায় ও মামলা নিষ্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে খাদ্য অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে।

বিষয়টি জরুরি বিবেচ্য।

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক,
ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/সিলেট/রংপুর।

স্মারক নং-১৩.০১.০০০০.০৯২.০১.০০৪.২৪.

১৬/৬(৪)


অনুলিপিঃ

- ১। অতিরিক্ত মহাপরিচালক
- ২। পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।
- ৩। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা (পত্রগুলো খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য সর্বিনয় অনুরোধ করা হলো)।
- ৪। মহাপরিচালকের একান্ত সচিব, খাদ্য অধিদপ্তর, ঢাকা(মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

স্বাঃ

মোঃ মনিরুজ্জামান
পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।

তারিখ- ১০/২/২০২৬ খ্রি.


পরিচালক
সংগ্রহ বিভাগ
খাদ্য অধিদপ্তর, ঢাকা।
১০/২/২০২৬